

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬০৪

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১৫. মুরজীয়া ফিরকার বিরুদ্ধাচরণ সম্পর্কে।

باب فِي رَدِّ الإِرْجَاءِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَل، حَدَّثَنِي يَحْيَى بْنُ سَعِيد، عَنْ شُعْبَة، حَدَّثَنِي أَبُو جَمْرَة، قَالَ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ، قَالَ إِنَّ وَفْدَ عَبْدِ الْقَيْسِ لَمَّا قَدِمُوا عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَمَرَهُمْ بِالإِيمَانِ بِاللَّهِ قَالَ " أَتَدْرُونَ مَا الإِيمَانُ بِاللَّهِ ". قَالُوا اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ " شَهَادَةُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ وَإِقَامُ الصَّلاَةِ وَإِيتَاءُ الزَّكَاةِ وَصَوْمُ رَمَضَانَ وَأَنْ تُعْطُوا الْخُمُسَ مِنَ الْمَعْنَمِ ".

বাংলা

8৬০৪. আহমদ ইবন হাম্বল (রহঃ) ইবন আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আবদুল কায়সের প্রতিনিধি দল যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসে, তখন তিনি তাদের ঈমান আনার জন্য বলেন। তিনি জিজ্ঞাসা করেনঃ তোমরা কি জান, আল্লাহ্র প্রতি ঈমান আনার অর্থ কী? তারা বলেঃ এ ব্যাপারে আল্লাহ্ এবং তার রাসূল অধিক জ্ঞাত। তিনি বলেনঃ তা হলো- এরূপ সাক্ষ্য দেয়া যে, আল্লাহ্ ছাড়া আর কোন ইল্লাহ নেই, আর মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার রাসূল, সালাত কায়েম করা, যাকাত দেয়া, রোযার মাসে রোযা রাখা এবং মালে গনীমতের এক-পঞ্চমাংশ প্রদান করা।

English

Ibn 'Abbas said:

When the deputation of 'Abd al-Qais came to the Messenger of Allah (May peace be upon him), he commanded them to believe in Allah. He asked: Do you know what faith in Allah is? They replied: Allah and his Apostle know best. He said: It includes the testimony that there is no god but Allah, and that Muhammad is Allah's Apostle, the observance of the prayer, the payment of zakat, the fasts of Ramadan, and your giving a fifth of the booty.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন